

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৩ মার্চ'২০২৩খ্রি.

চট্টগ্রামের পাঁচ কৃতি সন্তানকে পুরস্কৃত করলেন মেয়র

পাঁচ শ্রেণিতে বিশেষ অবদান রাখায় চট্টগ্রামের পাঁচ কৃতি সন্তানকে 'মেয়র পদক' দিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

সোমবার নগরীর রেডিসন ব্লু হোটেলের মোহনা হলে আয়োজিত অনুষ্ঠানে সহযোগিতায় ছিল বেসরকারি উন্নয়ন সংস্থা ইপসা ও সেভ দ্য চিলড্রেন।

পাঁচ মেয়র পদক বিজয়ীরা হলেন যুব আদর্শ ডা. বিদ্যুৎ বড়ুয়া, নগর নেতৃত্বে কাউন্সিলর মো. মোবারক আলী, নগর স্বেচ্ছাসেবক হিসেবে মুহাম্মদ আবু বক্কর ছিদ্দিক হারুন, নারী নেতৃত্বে ডা. বাসনা রানী মুছুরী, বিশেষ ক্যাটাগরিতে গাউসিয়া কমিটি। গাউসিয়া কমিটির পক্ষে পুরস্কার গ্রহণ করেন গাউসিয়া কমিটি, বাংলাদেশের সিনিয়র ভাইস চেয়ারম্যান মুহাম্মদ আনোয়ারুল হক এবং যুগ্ম মহাসচিব এডভোকেট মোসাহেব উদ্দিন বখতিয়ার। বিজয়ীদের পদক, সম্মাননা স্মারক ও উত্তরীয় পড়িয়ে দেন মেয়র। বিজয়ীরা অনুষ্ঠানে তুলে ধরেন তাদের অভিজ্ঞতা আর অনুভূতি।

প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, যে জাতি সফল মানুষদের মূল্যায়ন করেনা, সে জাতিতে সফল মানুষের জন্ম হয়না। এই চেতনাকে ধারণ করে চট্টগ্রামের কৃতি এই মানুষদের পদক ও সম্মাননা দিতে পেরে আমি গর্বিত।

"সবার সহযোগিতা ছাড়া চট্টগ্রাম শহরকে ঢেলে সাজানো সম্ভব নয়। চট্টগ্রামের নানামুখী সমস্যা আর চ্যালেঞ্জ মোকাবেলায় আমি সবার সহযোগিতা চাচ্ছি।"

জনগণের বিনোদনের ঘাটতি মেটাতে কাজ করছেন জানিয়ে মেয়র বলেন, বিনোদনের পর্যাপ্ত ক্ষেত্র না থাকায় শিশু-কিশোররা মাদক ও মোবাইল আসক্তিতে ঝুঁকে পড়ছে। এ সংকট সমাধানে প্রতিটি ওয়ার্ডে খেলার মাঠ ও শিশু পার্ক গড়তে কাজ করছি। যেসব ওয়ার্ডে খালি জায়গা নেই, সেখানেও প্রয়োজনে জায়গা কিনে আমাদের শিশুদের ভবিষ্যতে রক্ষার্থে সুস্থ বিনোদনের ক্ষেত্র গড়ে তুলব।

অনুষ্ঠানে চট্টগ্রামের বিভাগীয় কমিশনার ড. মো: আমিনুর রহমান, এনডিসি বলেন, মুক্তিযুদ্ধ শেষ হলেও মুক্তির যুদ্ধ শেষ হয়নি। এ যুদ্ধে জয়ী হতে আমাদের দল-মত নির্বিশেষে মুক্তিযুদ্ধের চেতনায় ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।

চট্টগ্রামের জেলা প্রশাসক আবুল বাসার মোহাম্মদ ফখরুজ্জামান বলেন, চট্টগ্রামের অনেকগুলো সমস্যার সমাধানে সিটি কর্পোরেশন আর জেলা প্রশাসন একসাথে কাজ করছে। পাহাড় নিধন বন্ধে, মশা নিধনে, ট্রাফিক সিগনালিং এর উন্নয়নসহ বেশ কিছু সমস্যার সমাধানে আমরা সমন্বিতভাবে কাজ করছি।

চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ কমিশনার কৃষ্ণ পদ রায় বলেন, এ পদক চট্টগ্রামবাসীকে ভাল কাজে উদ্বুদ্ধ করবে। এ সম্মাননার ধারা ভবিষ্যতেও চলমান থাকবে বলে আমি প্রত্যাশা করি।

অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহাম্মদ তৌহিদুল ইসলাম বলেন, এ পদকপ্রাপ্ত সব কৃতি মানুষদের প্রতি আমাদের কৃতজ্ঞতা রইল। আপনাদের আদর্শ ও অর্জন হবে আমাদের ভবিষ্যতের পথচলার প্রেরণা।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ইপসার পরিচালক নাছিম বানু, বিশেষ অতিথির বক্তব্য রাখেন সেভ দ্য চিলড্রেনের পরিচালক (হিউম্যানিটারিয়ান) মোস্তাক হোসাইন।

অনুষ্ঠানে চসিকের প্যানেল মেয়র মোহাম্মদ গিয়াস উদ্দিনসহ কাউন্সিলরবৃন্দ উপস্থিত ছিলেন। আরো উপস্থিত ছিলেন চসিকের প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, মেয়রের একান্ত সচিব ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেমসহ চসিকের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

কর্মীর যোগ্যতাতেই নির্ধারিত হয় প্রতিষ্ঠানের ভাগ্য: চসিক মেয়র

প্রতিষ্ঠানের সাফল্যের পিছনে কর্মীদের যোগ্যতাই প্রধান নিয়ামক আর এজন্য কর্মীদের মানোন্নয়নে বিনিয়োগ করা উচিত বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র বীর মুক্তিযোদ্ধা মো.রেজাউল করিম চৌধুরী। সোমবার চসিকের তত্ত্বাবধায়ক প্রকৌশলী মোহাম্মদ আবু ছালেহের অবসর এবং আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা জোনায়েদ কবীর সোহাগের বদলিজনিত বিদায় সংবর্ধনায় মেয়র এ মন্তব্য করেন।

মেয়র বলেন, প্রতিষ্ঠানের সাফল্যের পিছনে কর্মীদের যোগ্যতাই প্রধান নিয়ামক হিসেবে কাজ করে আর এজন্য কর্মীদের মানোন্নয়নে বিনিয়োগ করা উচিত। মেধাভিত্তিক নিয়োগের পর প্রশিক্ষণের মাধ্যমে কর্মীদের গড়ে তুললে একটি প্রতিষ্ঠানের সাফল্যলাভ সহজ হয়। আজ এমন দু'জন কর্মকর্তা আমাদের চসিক ছেড়ে যাচ্ছেন যারা চসিকের জন্য ছিলেন মূল্যবান সম্পদ। তাদের অবদানের সুফলভোগী পুরো চট্টলাবাসী।

"চট্টগ্রামের অবকাঠামোগত উন্নয়নে প্রকৌশলী মোহাম্মদ আবু ছালেহ গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন। আর আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা জোনায়েদ কবীর সোহাগ চসিকের প্রশাসনিক কার্যক্রম বেগবান করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। তাদের দক্ষতা ও অর্জন চসিকে কর্মরতদের পথ দেখাবে।"

বিদায় সংবর্ধনায় স্মৃতিচারণ করেন চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম, প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, মেয়রের একান্ত সচিব ও প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মুহাম্মদ আবুল হাশেম, প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা হুমায়ুন কবির চৌধুরী, স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা মোঃ রেজাউল করিম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী মনিরুল হুদা, উপ-সচিব আশেক রসুল চৌধুরী টিপু, সিবিএ সভাপতি ফরিদ আহমদ সাধারণ সম্পাদক মো. মুজিবুর রহমান, সিনিয়র সহ সভাপতি জাহিদুল আলম চৌধুরী, যুগ্মসাধারণ সম্পাদক বিপ্লব কুমার চৌধুরীসহ চসিকের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮